করুণা (বোধিচিত্ত)-রূপ [আমার] নৌকা (সন্তর্কপ্রসাদরসরূপ) স্বর্ণে (শৃন্ততায়) পরিপূর্ণ রহিয়াছে, [তাহাতে] রূপা (রূপ-বেদনা-সংজ্ঞাদি) পুইব, [এমন] স্থান নাই। ওছে কামলি! ঐ গগন-[সমুদ্রের] উদ্দেশে [বোধিচিত্তরূপ নৌকা] বাহিয়া চল; [দেখি], বছ বছ গত [অন্মের ফ্রায় আবার] জন্ম কি করিয়া উদিত হয়। পুঁটি (আভাসদোষ) উৎপাটিত করিয়া, (অবিভারূপ) কাছি খুলিয়া দিয়াছ, [এখন] সন্তর্ককে জিজ্ঞাসা করিয়া [নৌকা] বাহিতে থাক। পথে (বিরমানন্দে) উঠিলে পর (সেধানে গ্রাছাদি কিছু আছে কি না, তাহা দেখিবার জন্ম) চতুর্দ্দিকে চাহিও। [কেন না], কেছুআল (বৈঠা) যদি না থাকে, তবে কে কি প্রকারে [নৌকা] বাহিতে পারে? বাম ও দক্ষিণ (আভাসদমকে মধ্যমায়) চাপাইয়া, পথের সঙ্গে মিলিয়া মিলিয়া (বিরমানন্দগত বোধিচিত্তকে 'নিজ'জানের ঘারা পরিশোধিত করিয়া) (যথন মহাত্বধচক্রসমুদ্রের উদ্দেশে চলিলাম, তথন সেই) পথেই (নৈরাজ্বজ্ঞানরূপ) মহাত্বধসক্ষ প্রাপ্ত হইলাম।

## রাগ পটমঞ্জী

কাফুপাদানাম্—এবংকার দৃঢ় বাখোড় মোডিড ।
বিবিহু বিআপক বান্ধণ তোড়িউ ॥ ধ্রণ ॥
কাফু বিলসঅ আসবমাতা।
সহজনলিনীবন পইসি নিবিতা ॥ ধ্রণ ॥
জিম জিম করিণা করিণিরে রিসঅ।
তিম তিম তথতামঅগল বরিসঅ ॥ ধ্রণ ॥
ছড়পই সঅল সহাবে স্থ।
ভাবাভাব বলাগ ন[া]ছুণ ॥ ধ্রণ ॥
দশবলরঅণ হরিঅ দশদিসেঁ।
[আ]বিস্থাকরিকুঁ দম অকিলেসেঁ ॥ ধ্রণ ॥

একার (চক্রনাড়ী) ও বংকার (হুর্যানাড়ীরপ হুইটি) দৃঢ় স্তম্ভ (বঞ্জুজপক্রমধারা)
মর্দিত করিয়া এবং (অনবধৃতিকারপ) বিবিধপ্রকার ব্যাপক বন্ধন ছিল্ল করিয়া, (এই তিনের
অন্থুপলগুরুপ) আসবপানে প্রমন্ত (জ্ঞানগজেক্র) ক্রম্ফাচার্য্য ক্রীড়া করিতে লাগিলেন এবং
[ক্রমে] সহজ্বরূপ পদ্মবনে (মহাত্ম্পক্মলে) প্রবেশপূর্বক নির্পতি লাভ করিলেন
(নির্কিকলাকারে ক্রীড়াপরায়ণ হইলেন)। (বাছ জ্বগতের করী) যেমন যেমন করিণীকে
দেখিয়া ন্র্রামদ বহন করে, (ভগবতী নৈরাত্মার সঙ্গ লাভ করিয়া চিন্তগজেক্র ক্রাচার্য্য)
সেইরূপ তথতামদধারা (তথাগতের ঐশ্ব্য্য) বর্ষণ করিতে লাগিলেন। (দেব, অন্তর্ম,
মন্থ্য প্রভৃতি) বড়্গতিশীল ভাবসকল (তথন যোগীক্রের নিকট) স্বভাবতই পরিশুদ্ধ বলিয়া
উপলব্ধ হইল। ভাব এবং অভাব, (উভয়ের) কেশাগ্র (মাত্রও) অশুদ্ধ উপলব্ধ হইল
না। দশ দিকে [বিস্তৃত] দশবলরত্ন (তথতারত্ন) (আমাদের অবিভাজনিত অন্থভবের
অভ্যাসবলে) হারাইয়া গিয়াছে। (অতএব তথতারত্নের প্রভাবে) অবিভারপ করীকে
অক্রেশে দমন কর।

٥ (

#### রাগ দেশাখ

কালুপাদানাম্—নগরবাহিরি রে ডোম্বি তোহোরি কুড়িআ।
ছোই ছোই জাহ সো বান্ধনাড়িআ ॥ গু॥
আলো ডোম্বি তোএ সম করিব ম সাল।
নিঘিন কাল কাপালি জোই লাংগ ॥ গু॥
এক সো পত্না চৌষ্ঠ ঠা পাখুড়ী।
তহিঁ চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী ॥ গু॥
হা লো ডোম্বি তো পুছমি সদভাবে।
আইসসি জাসি ডোম্বি কাহরি নাবেঁ॥ গু॥
তান্তি বিকণঅ ডোম্বি অবরনা চাংগেড়া।
তোহোর অন্তরে ছাড়ি নড়পেড়া॥ গু॥
ভুলো ডোম্বী হাঁউ কপালী।
তোহোর অন্তরে মোএ ঘেণিলি হাড়ের মালী॥ গু॥

<sup>&</sup>gt;। একার বকার, চন্দ্র পূর্বা, দিবা রাজি, এই সব শব্দ বারা বন্দান্মক বিপরীত জ্ঞানকে লক্ষ্য করা হইরাছে। বন্দান্মক জ্ঞানই সংসারবন্ধনের প্রধান কারণ, এই জন্ম উহাকে 'দৃঢ় গুল্ধ' বলা সঙ্গতই হইরাছে। পরস তত্তকে এই জন্ম 'বন্দাতীত' বলা হয়। নাড়ী অর্থে জ্ঞানপ্রবাহ।

# সরবর ভাঞ্জিঅ ডোম্বী থাত্ম মোলাণ। মারমি ডোম্বি লেমি পরাণ॥ ধ্রু॥

রে ভোম্বি! (পরিশুদ্ধাবধৃতি নৈরাম্বে!) (রূপাদি বিষয়সমূহরূপ) নগরের বাহিরে তোমার বাসগৃহ। [সেথান হইতে] (ব্রন্ধভ্কারবীজজাত) ব্রন্ধনাড়িকাকে (বোধিচিত্তরূপ বালককে তুমি) ছুঁইয়া ছুঁইয়া যাইতেছ। ওলো ডোধি! তোমার সহিত [এখন] আমার সঙ্গ করা কর্ত্তব্য; [ কেন না ], ( তোমার যেরূপ স্বভাব ), কাপালিক যোগী কাছও (সেইরপ) নিম্মণ (লজ্জাদিদোষরহিত) এবং উলঙ্গ। (নির্মাণচক্র নামে) একটি পন্ম, [ভাহার] চৌষটটি দল; বাপ্ড়ী (জ্ঞাদ্বীজ্ঞবপনক্রী)ডোম্বী তাহাতে চড়িয়া নৃত্য করিতেছে। হালো ভোম্বি! সদ্ভাবে (স্বরূপাশরে আমি) তোমাকে জ্বিজ্ঞাসা করিতেছি, (কাহার সংবৃত্তিবোধিচিত্তরূপ) নৌকায়, হে ডোম্বি! তুমি যাতায়াত কর ! (তাৎপর্য্য এই যে, কর না।) হে ডোম্বি! (ভূমি অবিষ্ঠারূপ) তন্ত্রী (ভাঁড) এবং (বিষয়াভাসরূপ) আবরণকারী চাণ্ডাড়ি বিক্রয় করিয়া থাক, (কিন্তু গুরুপাদপ্রসাদে আমার নিকট ঐ ছুইটি জিনিষ বিক্রয় করা ভূমি পরিত্যাগ করিয়াছ), (অতএব আমিও) তোমার জন্ত ( সংসারত্মপ এই ) নট-পেটিকা ত্যাগ করিয়াছি। তুমি ডোখী ( নৈরাত্মা ), আমি কপালী (তোমার স্থ্যস্ত্রপতা পালন অর্থাৎ ধারণ করিতে সমর্থ)। তোমার জন্স আমি হাড়ের মালা গ্রহণ করিয়াছি। এই ডোম্বী (গুরুসম্প্রাদায়হীনের শ্রীররূপ) সরোবর ভালিয়া, (বোধিচিন্তরূপ) মৃণাঙ্গ ভক্ষণ করে। (সংর্তিশুক্ররূপ) সেই ডোম্বীকে আমি মারিব এবং তাহার প্রাণ লইব ( নি:স্বভাব করিব )।

>>

## द्रान भडेगश्चदी

ক্ষণাচার্য্যপাদানাম্—নাড়িশক্তি দিচ্ ধরিত্র থটে।
তানহা ডমক বাজই বীরনাদে।
কাক্ত কপালী যোগী পইঠ অচারে।
দেহনঅরী বিহরই একাকারে। ধ্রু॥
আলি কালি ঘণ্টা নেউর চরণে।
রবি শশী কুগুল কিউ আভরণে। ধ্রু॥
রাগ দেব মোহ লাইঅ ছার।
পরম মোথ লবএ মুক্তাহার। ধ্রু॥
মারিত্র শাহ্ম নণন্দ ঘরে শালী।
মাত্র মারিত্রা কাক্ত ভইল কবালী। ধ্রু॥

নাড়ীশক্তিকে (বিরমানন্দর্রপা প্রধানা অবধৃতিকে) দৃচ্ভাবে (সহজ্বরপ প্রভাষর)
শৃস্তভার ধারণ করিয়া, অনাহত ডমরু বীরনাদে (শৃস্তভারপ সিংহনাদে) বাদিত হইতেছে।
[তাহাতে] কাপালিক যোগী কুষ্ণাচার্য্য অচার (অচর, জড়) দেহনগরীতে প্রবিষ্ট
[থাকিয়াই] একাকারে (অব্যভাবে) বিহার করিতেছেন। আলি ওকালিকে তিনি
চরণের ঘণ্টা ও নৃপ্র এবং রবি ও শশীকে [কর্ণের] কুগুল আভরণ করিলেন। (মহাম্থরাগর্মপ বহিতে) রাগ, বেষ ও মোহকে (দগ্ধ করিয়া) [তাহার] ভঙ্ম লইয়া [অব্দে
লেপন করিলেন এবং] পরম মোক্ষর্মপ মৃক্তাহার লাভ করিলেন। খাসকে (প্র্রোক্ত
মনঃপ্রনকে) মারিয়া, নয়টি নন্দকে (চক্ষুরাদি বিজ্ঞানপ্রবাহকে তাহাদের) ঘরে প্রবিষ্ট
করাইয়া, মায়ার্মপিণী (অবিভাকে) মারিয়া, কুষ্ণাচার্য্য (বজ্র )কাপালিক হইলেন।

>२

### রাগ ভৈরবী

রক্ষপাদানাম্—করুণা পিহাড়ি থেলহুঁ নঅবল।
সদ্গুক্ষবোহেঁ জিতেল ভববল ॥ ধ্রু ॥
ফীটউ হুআ মাদেসি রে ঠাকুর।
উআরিউএকেঁ কাক্ছ ণিঅড় জিনউর ॥ ধ্রু ॥
পহিলেঁ তোড়িআ বড়িআ মারিউ।
গঅবরেঁ তোড়িআ পাঞ্চজনা ঘালিউ ॥ ধ্রু ॥
মতিএঁ ঠাকুরক পরিনিবিতা।
অবশ করিআ ভববল জিতা ॥ ধ্রু ॥
ভণই কাক্ছ্ আক্ষে ভাল দান দেহুঁ।
চউষঠ্ঠি কোঠা গুণিয়া লেহুঁ ॥ ধ্রু ॥

করণা(রূপ স্বাধিষ্ঠানচিন্তকে) পীঠ (ছক) করিয়া, (তাহার সপ্ত সমাধিমল নিরাসপূর্বক আমি) নববল (দাবা বা মন্ত্রনয়রহন্তাত্মক চতুর্থানন্দবল) খেলিতেছি এবং সন্তর্জপ্ত জ্ঞানের সাহায্যে ভববলকে (বিষয়াভাসবলকে) জয় করিয়াছি। [এই খেলায় প্রথমেই] ছ্য়াকে (আভাসবয়কে, বজ্জপক্রমে) কাটিলাম। রে ঠাকুর! (রাজা বা অবিভাগত চিন্ত!) [এই ভূমি] মাৎ (মৃত) হইলে। উপকারিকের উপদেশে কাহু

<sup>&</sup>gt;। ইব্রিয়পথে এরাহিত জ্ঞান বারাই জাগতিক আনস্থ লাভ করা বার। এই জ্ঞাই বোধ হয়, নরট ইব্রিয়কে 'ন নক' বলা হইয়াছে।

২। দাবা থেলার অপরে চাল বলিরা দের, সাধনাবছাতেও অনেকে উপদেশাদি দিরা সাহাব্য করেন। উজ্জনতেই ইহারা উপকারিক বলিয়া থাকে।

তিখন ] নিকটে জিনপুর [ দেখিতে পাইলেন ]। প্রথমে বড়িয়াসকলকে (প্রাকৃতির বছবিধ দোবাভিব্যক্তিকে) কাটিয়া মারিলাম। গজবর (চিন্তগজেক্ত ) ধারা পাঁচ জনকে (পঞ্চন্ধান্ধক পঞ্চবিষয়গত অহন্ধারাদিকে) কাটিয়া ঘায়েল করিলাম। মন্ত্রীর (প্রজ্ঞা-পারমিতার অন্থগামী বৃদ্ধির ) ঘারা ঠাকুরকে (রাজা বা ক্লেশারোপিত চিন্তকে ) পরিনির্ব্ধৃত করা হইল। [ রাজাকে এইরূপে ] অবশ (অচল) করিয়া ভববল জিত ছইল। কাল্পুবলিতেছেন—আমি ভাল দান দিয়াছি এবং চৌষট্ট কোঠা (চৌষট্ট ঘর বা নির্দাণ্ডক্র ) গুণিয়া নিয়াছি (তাহাতে চিন্ত স্থির করিয়া প্রকৃতিপ্রভাষের রূপ গ্রহণ করিয়াছি )।

20

#### রাগ কামোদ

কৃষণাচার্য্যপাদানাম্—তিশরণ ণাবী কিঅ অঠকুমারী।
নিঅ দেহ করুণাশৃণমে হেরী ॥ ধ্রু ॥
তরিস্তা ভবজলিধ জিম করি মাঅ অইনা।
মঝ বেণী তরঙ্গম মুনিআ। এ ॥
পঞ্চ তথাগত কিঅ কেডুআল।
বাহঅ কাঅ কাহ্নি ল মাআজাল ॥ ধ্রু ॥
গন্ধ পরস রস জইদোঁ। তইদোঁ।
নিংদ বিহুনে অইনা জইসো। ধ্রু ॥
চিঅকগ্রহার অ্পতমালে।
চলিল কাহ্ন মহাঅহসালে ॥ ধ্রু ॥

ত্রিশরণকে (তিন—কায়, বাক্, চিন্ত, ইহাদের যিনি আশ্রয়, সেই মহাম্প্রকায়কে) নৌকা করা হইল; (অতএব) নিজ দেহকে করুণা ও শৃন্তে দর্শন করিয়া (অর্থাৎ নিজ দেহে শৃক্ততা ও করুণার ঐক্যরূপ ব্গনত্ব রূপ দেখিয়া) অষ্ট কুমারী (অষ্ট প্রকৃতির উপর আধিপত্যরূপ বৃহত্বত্ব হইল)। [তথন] যেমন মায়াময় ও প্রপ্রসন্গ [বল্বতে কোনরূপ আছা থাকে না, সেই প্রকার ] করিয়া (রুফাচার্য্য) ভবজলিধ উত্তীর্ণ হইয়া, (পরমানশ্ররপ) মধ্যবেণিতে (স্বাধিষ্ঠানচিন্তের) ভরুল (উল্লোল অথ) মন্নপূর্বক (ভোগ করিতে লাগিলেন)। পঞ্চপ্রকার তথাগত-[শক্তিকে] বৈঠা করিয়া, ল কাহ্নি! [তুমি] কায়- (রূপ মহাম্প্রনানি) বাহিয়া, মায়াজাল [উত্তীর্ণ হও]। (বাছে) গঙ্ক, ম্পর্ণ, রস (ইত্যাদি বিষয়সকল) যেমন আছে, তেমন (থাকুক), (আমাদের) নিক্রাবিহীন (এই জাগত্রস্থায়) যেমন স্বপ্ন, (ঐ সকল তেমনই বোধ হয়)। শৃক্ততারূপ নৌকামার্নে চিন্তরূপ করিয়ারেক (সমারোপিত করিয়া) ক্ষাচার্য্য মহাম্থ্রশক্ষরপ (চক্রনীপে) চলিলেন।

>8

#### ধনসী রাগ

ভোষীপাদানাম্— গঙ্গা জ্বউনা মাঝেঁরে বহাই নাই।
তহিঁ বুড়িলী মাতঙ্গী পোইআ লীলে পার করেই ॥ ঞ ॥
বাহতু ভোষী বাহ লো ডোষী বাটত ভইল উছারা।
সদ্গুরুপাঅপসাএ জাইব পুণু জ্বিণউরা ॥ ঞ ॥
পাঞ্চ কেডুআল পড়েওঁ মালে পিঠত কাজী বান্ধী।
গঅণহুখোলেঁ সিঞ্চ পাণী ন পইসই সান্ধি ॥ ঞ ॥
চন্দ স্কু হুই চকা সিঠি সংহার পুলিনা।
বাম দাহিণ হুই মাগ ন চেবই বাহতু ছন্দা ॥ ঞ ॥
কবড়ী ন লেই বোড়ী ন লেই স্থছ্ডে পার করই।
জো রপে চড়িলা বাহবা ণ জা[ন]ই কুলেঁ কুল বুড়ই ॥ ঞ ॥

গঙ্গা এবং যমুনার (চন্তাভাস ও স্থ্যাভাসের) মধ্যে (ঐ উভয়ের শুক্রনাড়িকারূপ একথানি) নৌকা চলাচল করিতেছে, তাহাতে নিমজ্জিতা পাকিয়া (সহজ্ঞ্যানপ্রমন্তাঙ্গী), স্বতরাং মাতক্ষী ডোম্বী (যোগি)-প্রসকলকে অবলীলাক্রমে পার করিয়া দেন। ( শুক্র-নাড়িকারপ নৌকা যথন বিরমানন্দরপ নৌমার্গ প্রাপ্ত হইরাছে, তথন ) ডোম্বি! [ভূমি] বাহিয়া চল। লোডোম্বি! পথে বেলা অধিক হইল, (ভূমি আর পানাহারে আসজ্জিনা করিয়া, নৌকা ) বাহিতে থাক। সদ্গুরুপাদপ্রসাদে [ আমি ] আবার জিনপুরে যাইব। ( গুরুর পাঁচটি উপদেশরপ) পাঁচখানি বৈঠা নৌমার্গে পড়িতেছে, পীঠে (মণিমূলে) কাছি [খুলিয়া] বান্ধিয়া রাখা হইয়াছে। [তুমি এখন] শৃত্যতারূপ সেচনী স্বারা (বিষয়ক্রপ) জল ছেঁচিতে থাক, যেন তাহা শরীরে প্রবিষ্ট না হয়। চক্র (প্রজ্ঞাজ্ঞান), স্থ্য (অবয়জ্ঞান), [এই] ছুইটি চক্র [হাতে লইয়া] পুলিন্দ (নপুংসক সতাটি এই সংসারের) সৃষ্টি ও সংহার (করিতেছেন)। (হে ডোম্বি! সর্বধর্ম্মের অমুপলম্ভরূপ সমূজে নৌকা বাহিয়া যাইতে যাইতে তুমি আর ) বাম ও দক্ষিণ, এই ছুই পণ্ণে সচেতন হইয়া উঠিও না, ভূমি স্বচ্ছদে (বোধিচিত্তরূপ নৌকা) বাহিতে থাক। (পারাপারের জ্ঞ তরপতি কপর্দ্দক গ্রহণ করে, কিন্তু ভগবতী নৈরাত্বা ডোম্বী) কড়িও নেন না, পয়সাও নেন না; (তিনি পরিচর্যা) দ্বারা লভ্য, এ জন্তু )তিনি [ সাধককে ] স্বচ্ছনেদ পার করেন। (নৈরাত্মধর্মের সহিত পরিচয় না থাকায়) যে [সাধনরূপ]রুপে (নৌকায় ?) চড়িয়াছে, অপচ তাহা বাহিতে জ্ঞানে না, তাহার কুল ( সাধনশক্তি ) কুলে ( শরীরে ) নিমজ্জিত इहेन्रा शास्त्र।

১। বে নাড়ী হইতে পদা বম্নার উৎপত্তি হইরাছে। এই নাড়ী বিরমানন্দাবধ্তির মধ্যে অব্যিত।

>0

### রাগ রামকী

শান্তিপাদানাম্—সঅসংৰঅণসক্ষ বিআরে অলক্থ লক্থণ ন জাই।

জে জে উজুবাটে গেলা অনাবাটা ভইলা সোই॥ ধ্রু॥
কুলে কুল মা হোই রে মুঢ়া উজুবাট সংসারা।
বাল ভিণ একু বাকু ণ ভূলহ রাজ পথ কন্ধারা॥ ধ্রু॥
মান্নামোহসমূলা রে অন্ত ন বুঝসি থাহা।
অগে নাব ন ভেলা দীস্য ভন্তি ন প্ছেসি নাহা॥ ধ্রু॥
অনা পান্তর উহ ন দীসই ভান্তি ন বাস্সি জান্তে।
এবা অটমহাসিদ্ধি সিঝই উজুবাট জাআন্তে॥ ধ্রু॥
বাম দাহিণ দোবাটা ছাড়ী শান্তি বুলবেউ সংকেলিউ।
ঘাট ন গুমা থড় তড়িণ হোই আথি বুজিঅ বাট জাইউ॥ ধ্রু॥

(বজ্ঞ ও পদ্মের সংযোগে) স্বসংবেদনের স্বরূপ বিচার দারা, যথার্থত: যাহা অদৃশ্র, তাহার দর্শন(রূপ বিকন্ন) প্রাপ্ত হওয়া যায় না। যে যে (খতীত যোগীক্ত এই বিরমানক্ষাবধ্তিরূপ ) সরল পথে পিয়াছেন, তাঁহারা (সকলে) অনাবর্ত্তনশীল হইয়াছেন। কুলে (প্রত্যেক শরীরে) কুল (বিরমানন্দাবধৃতি রহিয়াছে), রে মৃচ় ! (ভাহাকে ছাড়িয়া) সরল পথরূপে (আপাত-প্রতীয়মান) সংসারের (অক্তান্ত প্রণাভিমুখী) হইও না। হে বাল(যোগি! শৃক্ততা এবং বিকল্ল, এই উভয়) ভিন্ন বা পুণক্, ( এই জাতীয়া) একটি বাক্যেও [ভূমি] ভূলিও না। রাজা (যেমন) কন্ধারা পথ (কনকধারাপথ ধরির। ক্রীড়োঞ্চানে প্রবিষ্ট হন, ভূমিও সেইরূপ অবধ্তিমার্গ ধরিয়া মহাত্মধচক্রকমলোঞ্চানে প্রবেশ কর)। রে (বালযোগি!) মায়া ও মোহরূপ (এই যে) সমূল, এর অন্ত ও গভীরতা বুঝিতেছ না; সমুখে নৌকা বা ভেলা দৃষ্ট হইতেছে না, [তপাপি ] ভ্রান্তিবশত: নাপকে (সদ্গুরুকে) [পারের উপায়] জ্বিজ্ঞাস। করিতেছ না। [ঐ যে] শৃষ্ঠতারূপ প্রাস্তর, উহা [ এখন তোমাকর্ত্ক ] দৃষ্ট হইতেছে না, [ কিন্ধু ঐ পথে ] যাইতে [ তুমি ] ছুল করিও না। [কেন না], এই সরল পথে যাইতে যাইতে এই ( শৃন্ততাই ) তোমায় আই মহাসিত্তি লাভ করাইবে। (আভাস্থয়রূপ) বাম ও দক্ষিণ, ছুইটি পথ ছাড়িয়া, শাক্তিপাদ (সহজ্ঞানন্দে) ক্রীড়া করিয়া বেড়াইতেছেন। [তিনি বলেন j,—এই পথে ঘাট, গুলা, ৰড়, তৃণ, [ কিছু প্ৰতিবন্ধক ] নাই ; চক্ষু বুজিয়া পথ চলিয়া যাও।

#### রাগ ভৈরবী

মহীধরপাদানাম্—তিনিএঁ পাটেঁ লাগেলি রে অণহ কসণ ঘণ গাজই।
তা স্থানি মার ভয়ন্কর রে বিসঅমগুল সঅল ভাজই ॥ গ্রু ॥
মাতেল চীঅগএন্দা ধাবই।
নিরস্তর গঅণস্ত ভূসেঁ ঘোলই ॥ গ্রু ॥
পাপ পুগ্ন বেণি তোড়িঅ সিকল মোড়িঅ থন্তাঠাণা।
গঅণটাকলি লাগি রে চিন্ত পইঠ নিবাণা॥ গ্রু ॥
মহারসপানে মাতেল রে তিত্তঅন সএল উএখী।
পঞ্চবিসঅনায়ক রে বিপথ কোবি ন দেখি॥ গ্রু ॥
থররবিকিরণসন্তাপেঁ রে পঅণাঙ্গণ গই পইঠা।
ভণস্তি মহিন্তা মই এপু বুড়স্তে কিম্পি ন দিঠা॥ গ্রু ॥

কোয়, বাক্, চিন্ত, এই ) তিনটি, পাটে (পীঠে, সততালোক বোধিচিন্তে) সংলগ্ন হইয়া গেল, [তথন] ঘন ঘন ভয়ানক অনাহতথননি (শৃভাতাশন্ধ) গর্জন করিতে লাগিল। তাহা শুনিয়া ভয়য়য় মার ও বিয়য়৸গুলসকল ভয় হইয়া গেল। (জ্ঞানাসবপানে) মন্ত চিন্তপজ্জে [তথন] তুম [সদৃশ অসার] (চক্রস্থ্যাদি বিকল্প) ধ্বংস করিয়া, নিরস্তর (মহাম্থসরোবররূপ) গগনাস্তে (শৃভাতার দিকে) ধাবিত হইল। পাপ ও প্ণা, এই হই (সংসারপাশ) ছিয় করিয়া, (অবিভারপ) ভজ্জানে [নিবদ্ধ] শৃভাল মর্দন করিয়া, শৃভাতাশিধরে সংলগ্ন হইয়া, চিন্ত [গজেক্র ] নির্বাণ-(সরোবরে) প্রবিষ্ট হইল। [তথন সে] ক্রিভুবনসকল উপেক্ষা করিয়া, (ভাব ও অভাবের ঐক্যরূপ) মহা(ত্র্থ)-রসপানে মন্ত হইল। [চিন্তগজ্জেক তথন পঞ্চয়দাত্মক] পঞ্চ বিষয়ের নায়ক হইল (তাহাদের উপর আধিপত্য লাভ করিয়া মহাবজ্লধর হইল), (ক্রেশাদিরূপ) কোনও বিপক্ষ দেখিতে পাইল না। (মহাম্থরাগরূপ) প্রথব রবিকিরণের সন্তাপে সে গগনালনে (টীকামতে—গগনগলারূপ মহাত্র্থকিকে) গিয়া প্রবিষ্ট হইল। মহিতা (মহীধর) বলিতেছেন,—আমি ইহাতে নিমজ্জিত থাকিয়া [অন্ত ] কিছুই দেখি নাই।

>9

## রাগ পটমঞ্চরী

বীণাপাদানাম্—স্থত্ক লাউ সসি লাগেলি তাস্তী। অণহা দাওী একি কিঅত অবধৃতী॥ ধ্ৰু॥ ৱাজই অলো সহি হেক্সঅবীণা।
স্থনতান্তিখনি বিলসই কণা ॥ ধ্রু ॥
আলি কালি বেণি সারি স্থণিআ।
গত্মবর সমরস সান্ধি গুণিআ॥ ধ্রু ॥
জ্বে করহা করহকলে চাপিউ।
বিভিশ তান্তিখনি সত্মল বিআপিউ॥ ধ্রু ॥
নাচন্তি বাজিল গান্তি দেবী।
বৃদ্ধ নাটক বিসমা হোই॥ ধ্রু ॥

স্ব্যকে (স্ব্যানাড়ী বা স্ব্যাভাসকে ) লাউ (করা হইল), শন্ধী (চন্দ্রনাড়ী বা চন্দ্রাভাস) তন্ত্রী [হইরা তাহাতে] সংলগ্ন হইল, অনাহত-( শৃষ্ণতাধ্বনিরূপ ) লওে (তাহাদিগকে লাগাইয়া, বিষয়-চক্রী) অবধৃতির (সহিত) তাহাদিগকে একীকৃত করা হইল। ওলো স্থি নৈরাক্ষে! হেরুকবীণা বাজিতেছে (উক্তরপ বীণা বারা, বীণাপাদ 'গ্রীহেরুক' এই চারিটি অক্রার্থ ঘোষণা করিতেছেন), [তাহাতে] শৃষ্ণতারূপ তন্ত্রীধ্বনি (প্রভাশর অনাহতধ্বনি) কৃত্র কৃত্র শকে বিলসিত হইতেছে। আলি ও কালির (শ্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের) বেশি (বৃক্ততায় উৎপল্প) সা, রি প্রিভৃতি শ্বর] শুনিয়া, সমরসসদ্ধি (বীণার যে সকল সদ্ধি বা বাঁট অক্সলি বারা স্পর্শ করিয়া স্থরের সমতা রক্ষা করা হয়, তাহা) গণনা করিয়া, গজবর (চিন্তগজেক্ত্র) যথন কর্ত্তসকলকে (চিন্তাসঞ্জাত চিন্তগজেক্তের শিশু বা ভাবসকলকে) কর্ত্তকল (কর্ত্তকে যিনি কলন বা ধ্বংস করেন, সেই প্রভাশর রাছ) বারা চাপিয়া ধ্রিলেন (আক্রমণ করিলেন, তথন) ব্রিশ তন্ত্রীধ্বনি সমস্তকে ব্যাপ্ত করিল (কেহের বাত্রিংশ নাড়ীতে অবস্থিত দেবতাদের শরীর হইতে শৃষ্ণতাধ্বনি উঠিয়া, ভাব ও অভাব, সমস্তকে ব্যাপ্ত করিল)। (বীণাপাদ তথন) বাজিল (অঞ্বধ্বপদ বারা) নাচিতে লাগিলেন, দেবী (নৈরান্ধা যোগিনী) গান করিতে লাগিলেন। (অতএব) বৃদ্ধ [হইয়া যিনি] নর্ত্তক [হন, তাহাতে তাঁহার] বিশ্রাম (নির্বাণ) হইয়া থাকে।

74

## মাগ গটভা

কৃষ্ণবন্ধপালানাম— তিণি ভূঅণ মই বাহিঅ হেলেঁ। হাঁউ স্থতেলি মহাস্থহলীলেঁ। ধ্র । কইসণি হালো ডোখী তোহোরি ভাতরিআলী। অন্তে কুলিণজণ মাঝেঁ কাবালী। ধ্র । তঁই লো ডোম্বী সঅল বিটালিউ।
কাজণ কারণ সসহর টালিউ॥ ঞ॥
কেহো কেহো তোহোরে বিরুআ বোলই।
বিহুজণ লোভ তোরে কণ্ঠ ন মেলই॥ ঞ॥
কালে গাই তু কামচগুলী।
ডোম্বী ত আগলি নাহি চ্ছিণালী॥ ঞ॥

( বঞ্জবনিতার অভিষক্ষবশতঃ ) তিন ভুবন (কায়, বাক্, চিত্ত) আমাকর্ত্ত্ক অবহেলাক্রমে বাধিত হইয়াছে। (অতএব) আমি মহাম্বৰ্ণীলায় (যোগনিক্ৰায়) স্বপ্ত ইইয়াছি। হালো ভোগি! (পরিশুদ্ধাবধৃতিকে!) এ তোমার কি রক্ম চালাকি? (অসৎ আরোপের ছারা ভূমি এ কি করিয়াছ ? ) কুলীন ব্যক্তিকে বাহিরে এবং কাপালিককে [ গৃহ ]-মধ্যে [ স্থান দিয়াছ ? ] ( কু অর্থাৎ শরীরে লীন যে প্রভাষর জ্যোতি:স্বরূপ, তাহাকে অজ্ঞানরস পান করাইয়া বাছে স্থাপিত করিয়াছ এবং ক অর্থাৎ সংবৃত্তিবোধিচিত্তকে যে পালন করে, সেই কাপালিককে বজ্ঞচিত্তে স্থান দিয়াছ।) লো ডোম্বি! তুমি (অপরিশুদ্ধাবধুতিকারপে দেব, অহ্বর ও মছয়াদি বৈধাতৃক) সকলকে (মিণ্যাজ্ঞানে নিমজ্জিত করিয়া)বিনাশ করিয়াছ। ( আবার অসম্প্রদার্যোগিনীরপে জগৎরূপ ) কার্য্যের কারণ [ কল্পনা করিয়া, অস্তাম্ভ বোগীদের ] ( সংবৃত্তিবোধিচিত্তরূপ ) শশধরকে বিনাশ করিয়াছ। ( স্বরূপে অনভিজ্ঞ) কেহ কেহ (তোমাকৈ না জানার জন্ম কর্মবশতা প্রাপ্ত হইয়া সংসারত্বংশতঃ ) ভোমাকে বিরূপ (বিকল্প কথা) বলে। [কিন্তু] ( বাঁছারা ভোমাকে অক্ষরমুধরূপে জানেন, সেই) বিৰক্ষন লোকেরা তোমাকে (সম্ভোগচক্ররপ) কণ্ঠ হইতে (কথনও) ত্যাগ করেন না। কৃষ্ণাচার্য্য গান করিতেছেন,— হে ডোম্বি! ভূমি কর্ম্মচণ্ডালী (কর্ম্মন্থ সাধন-সকলের উপায়রূপিণী চণ্ডালিনী), তোমা অপেক্ষা অপ্রবর্ত্তিনী ছিনালী (ছিল্পনাসিকা) আর কেহ নাই, ( যেহেতু সন্তভেদ প্রাপ্ত হইয়া, ভিন্ন ভিন্ন সন্তরূপে তুমিই অধিষ্ঠিত রহিয়াছ )।

> ১৯ রাগ ভৈরবী

ক্ষশপাদানাম্—ভবনির্বাণে পড়হ মাদলা।
মণপবণবেণি করগুকশালা॥ গ্রঃ॥
জ্বত্ব জ্বত্ব কুদ্হিসাদ উছলিত্রা।
কাহ্ন ডোম্বীবিবাহে চলিআ॥ গ্রঃ॥
ডোম্বী বিবাহিআ অহারিউ জাম।
জউত্বে কিল্প আণ্ডু ধার॥ গ্রঃ॥

অহণিসি স্থরঅপসকে জাঅ। জোইণিজালে রঅণি পোহাআ ॥ জ ॥ ডোমীএর সকে জো জোই রজো। ধণহ ন ছাড়অ সহজ উন্মতো ॥ জ ॥

সংসারে পুন: পুন: জন্মভূরেপ) ভব (এবং তাহা হইতে মুক্তিরূপ) নির্বাণ, (এই ছুইটি বিকল্পজানকে পরিশোধিত করিয়া) পটহ ও মাদল-(রূপে কল্পনা করা হইল), মন ও পবনের যুক্ত প্রবাহ-(রূপ বিকল্পজানকে শোধন করিয়া) করওকগৃহ-(রূপে পরিণত করা হইল)। [এইরূপ করিয়া] (রুঞ্চাচার্য্য যখন) ভোষীকে (অপরিশুদ্ধাবধূতিকাকে) বিবাহ করিতে (তাহার বহির্দ্ধী প্রবাহ ভঙ্গ করিতে) চলিলেন,
(তথন আকাশে) জয় জয় (ধরনি) ও ছুল্পভিশন্ধ উচ্চ্লত হইয়া উঠিল। ভোষীকে
বিবাহ করিয়া (রুঞ্চাচার্য্য) জন্মকে (উৎপাদ ও ভঙ্গ আদি দোষকে) আহার করিলেন
এবং অমুত্তর ধর্মকে যৌতুক করিয়া (লাভ করিলেন)। (তথন জ্ঞানমূলারূপিণী ভোষীর
সহিত) স্থরতপ্রসঙ্গে (রুঞ্চাচার্য্যর) দিন ও রাজ্রি চলিয়া যাইতে লাগিল এবং
যোগিনীজাল (জ্ঞানরশ্মি) দ্বারা (রেশাদ্ধকাররূপ) রজনী পোহাইল। (জ্ঞানমূলা)
ভোষীর সঙ্গে যে যোগী রত হইয়াছেন, সহজানন্দে উন্মত্ত (সেই যোগী) কণকালের জন্তও
তাহাকে পরিত্যাগ করেন না।

२०

### রাগ পটমঞ্চরী

কুকুরীপাদানাম—হাঁউ নিরাসী থমণভতারি।
মোহোর বিগোআ কহণ ন জাই ॥ ধ্রু ॥
ফেটলিউ গো মাএ অস্কুউরি চাহি।
জা এথু চাহাম সো এথু নাহি ॥ ধ্রু ॥
পহিল বিআণ মোর বাসমপুড়া।
নাড়ি বিআরস্কে সেব বাপুড়া ॥ ধ্রু ॥
জ্ঞাণজৌবণ মোর ভইলেসি পুরা।
মূল নথলি বাপ সংখারা॥

<sup>&</sup>gt;। ভবৰন্ধন ও নিৰ্বাণ, সহজমতে এই ছুইট বিকল্পজান। অভব্যপাঁর নিকট ইহা প্রতিভাত হর, তব্যপাঁর নিকট ইহার অভিন্ন নাই।—দোহাকোব, সহজালার টাকা, ১১৫ পু. এইবা।

२। माहारकार, त्रवंगा गैका, ১२० मृ. 'वर्षकरतक' मस्तर वर्ष उद्देश।

## ভণপি কুকুরীপা এ ভব পিরা। ভো এপু বুঝই সো এপু বীরা॥ ধ্রু॥

আমি (ভগবতী নৈরামা) আসলরহিতা (নিরাসী), শৃক্তম্বরপ মন আমার ভর্তা (শ্মণভতারি)। আমার পালয়িতা (শৃক্তম্বরপ মনের সহিত অরতাভিছলে যে অক্লর অধায়ভব), তাহা কহা যায় না (বাক্যের হারা ব্যান যায় না)। ওগো মা! (আমার মহাস্থেচক্ররপ) অন্তঃপ্রীর (অক্টীর) [লিকে] চাহিয়া (বিষয়াদিকে আমি) নিক্তিত করিলাম। যে (বিষয়রপ শক্তকে) এথানে (বাছ জগতে) দেখা যায়, সেই (শক্ত) এখানে (মহাস্থেচক্ররপ অন্তঃপ্রে) নাই। (কেন না, এখানে সকলেরই মহাস্থ্যমন্ত দৃষ্ট হয়)। (সংরৃত্তি)-বাসনাপ্ট (এই কায়) আমার প্রথম বিয়ান (আমাকর্ত্ত্ব প্রথম প্রস্তুত্ত হইয়াছে)। (সন্ত্তক্রর বচনপ্রমাণে এই কায়ের হাজিংশ) নাড়ী বিচার করিয়া দেখিলে (দেখা যায় যে), সেই সকলই বাপুড়া (বরাকী, অতিশন্ম নীচ)। আমার জ্ঞান ও যৌবন পূর্ণ হইলে পর, (সংবৃত্তিবোধিচিতকে) [বাসনার] মূল [বিলয়া আমি] দেখিলাম (নথলি) এবং (বিষয়মণ্ডলের) জনকল্বরূপ (তাহাকে মণিমূলে) সংহার করিলাম (সংঘারা)। কুরুরীপাদ বলেন,—এই ভব ন্থির হইয়া আছে (এ আসেও না, যায়ও না)। যে (যোগী) এই ভত্তি বুনেন, তিনি এই তত্তে [আরচ্ছ হইয়া] বীর হইয়াছেন।

২১ রাগ বরাভী

ভূক্কৃপাদানাম্—নিসি অন্ধারী মুসঅ চারা।
অমিঅভথঅ মুসা করঅ আহারা॥ ধ্র॥
মার রে জোইআ মুসা পবণা।
জ্বেণ ভূটঅ অবণাগবণা॥ ধ্রু॥
ভববিন্দারঅ মুসা ধণঅ গাতী।
চঞ্চল মুসা কলিআঁ নাশক থাতী॥ ধ্রু॥
কাল মুসা উছ ণ বাণ।
গঅণে উঠি চরঅ অমণধাণ॥ ধ্রু॥
তাব সে মুসা উঞ্চল পাঞ্চল।
সদ্গুরুবোহে করহ সো নিচ্চল॥ ধ্রু॥
জবে মুসাএর চার ভূটঅ।
ভূকুকু ভণঅ তবে বান্ধন ফিটঅ॥ ধ্রু॥

<sup>&</sup>gt;। বিগোজা—বিগোপা, বিশিষ্টভাবে পালয়িতা।

রাজি (কায়জকর্মণজির্মণিণী প্রজ্ঞা) অন্ধনারময়ী, [সেই অন্ধনার ] (চিন্তপবনর্মপ)
মৃথিক চরিয়া বেড়াইতেছে (এবং বিচিজ্ঞ কণে কুলিশারবিন্দসংযোগে কায়ানন্দাদি ব্যাপার
ছারা) অমৃতভক্ক (বোধিচিন্তের আদ ঐ) মৃথিক আহার করিতেছে। (কিন্তু ইহাতে
যথন সংসারচক্তে যাতায়াত ও হয়াকার ক্রটিত হয় না এবং চিন্তও শোভমান হয় না, তথন)
রে যোগি! মৃথিকর্মপ ঐ চিন্তপবন্দক মারিয়া ফেল, যাহা ছারা ভোমার আসা যাওয়।
টুটিয়া যাইবে। (চঞ্চলপ্রকৃতি ঐ) মৃথিক (ভোমার শরীরর্মপ) ভব বিদারিত করিতেছে
(এবং তোমাকে তির্যুক্ নরকাদি হুর্গতিতে পাতিত করার জন্তু) গর্ম্ভ পনন করিতেছে।
(অতএব) চঞ্চল (চিন্তু)-মৃথিকের (প্রকৃতিগত এই সব দোষ) গণনা করিয়া, (হে
যোগি! ছুমি ইহার) নাশক-(রূপ) স্থিতি (অবলম্বন কর)। (সংগ্রন্তবোধিচিন্তরূপ
এই) মৃথিক (নিজেকে নিজে নাশ করে বলিয়া) কালম্বরূপ, উহার কোন বর্ণ নাই।
[কিন্তু এ-ই আবার] (গুরুসম্প্রদায়গত হইলে) গগনে (শৃন্ততায়) উঠিয়া আমনধান[কেতে] (আমনোধ্যানভূমিতে) বিচরণ করে। তাবৎকালই সেই মৃথিক ওচলাপাচলা
(ভক্ষণ করিবে, স্বতরাং তুমি) তাহাকে সদ্গুরুর নিকট প্রাপ্ত জ্ঞান-(যন্ত্র) ছারা নিশ্চল
কর। ছুসুকু বলেন,—মৃথিকের বিচরণ যথন টুটিয়া যাইবে, তথনই সংসারবন্ধন কাটিয়া
যাইবে।

**३**२

#### রাগ গুঞ্জী

সরহপাদানাম্— অপণে রচি রচি ভবনির্বাণা।

মিছেঁ লোঅ বন্ধাবএ অপণা। এদ ।

অক্ষেণ জাণত অচিস্তজাই।

জাম মরণ ভব কইসণ হোই ॥ এদ ॥

জইসো জাম মরণবি তইসো।

জীবন্ধে মঅলেঁ ণাহি বিশেসো॥ এদ ॥

জা এখু জাম মরণে বিসঙ্কা।

সো করউ রস রসানেরে কথা ॥ এদ ॥

কে সচরাচর তিঅস ভমস্কি।

তে অজ্বরামর কিম্পিন হোকি॥ এদ ॥

১। বাহু অর্থ—সূথিক আমনবানের ক্ষেতে বিচরণ করে। অন্তর্গত অর্থ অসনোখ্যানভূমি, বে ভূমি প্রাপ্ত কৃইলে সন্বের বারা থান করিতে হয় না।

## জামে কাম কি কামে জাম। সরহ ভণতি অচিম্ভ সোধাম ॥ গু॥

(অনাদি অবিস্থার বাসনাদোবে) ভব ও নির্বাণ (এই ছুইটি বিকল্পজ্ঞান) আপনিই রচিয়া রচিয়া, লোকে (আন্তিবশতঃ) মিছাই আপনাকে (ভববন্ধনে) বন্ধনদশাপ্রস্ত করে। (গুরুচরপরেগ্র্প্রসাদে ভাবের স্বরূপজ্ঞান হারা) অচিস্তাহোগী (অচিস্তাহামনিবাসী) আমরা [কিন্তু] জন্ম-মরণ-[রূপ] ভব-[বন্ধন] কি রকম হয়, ভাহা জানি না। (নৈরাত্মাকে অবগত হওয়ায় আমাদের নিকট) জন্মও যাদৃশ, মরণও তাদৃশ; জীবস্ত ও মৃত অবস্থার মধ্যে [কোনও] বিশেষ নাই। এই জগতে জন্ম ও মরণে যাহার ভয় আছে, সেই (যোগী) রঙ্গ পোরদকল ও রসায়নের [বিবিধ কল্প (প্রেয়াগের) আকু।জ্ঞা করুক। যে সকল (বালযোগী মন্ত্রশক্তিও ঔষধশক্তি হারা) সচরাচর দেবলোকে ভ্রমণ করে, (গুরুনির্দিষ্ট পন্থা না জানার জন্ত ) ভাহারা অজর ও অমর, কিছুই হয় না। সরহ বলেন,—(কর্ত্কর্ম-বিহীন যোগীক্তের) জন্ম হইতে কর্ম্ম, কি কর্ম্ম হইতে জন্ম (কি প্রকারে হইবে ?) [কেন না, সেরপ যোগীর যে ] ধাম (নিবাস-স্থান), সে অচিস্তা।

२७

#### রাগ বভারী

ভূত্বকুপালানাম্—জই তুলো ভূত্বকু অহেরি জাইবেঁ মারিহসি পঞ্জণা।
নলিণীবন পইসন্তে হোহিসি একুমণা॥ ধ্রু॥
জীবন্তে ভেলা বিহণি মএল রঅণি।
হণবিণ্মাঁসে ভূত্বকু পদ্মবণ পইসহি ণি॥ ধ্রু॥
মাআজাল পসরি উরে বধেলি মাআহেরিণী।
সদ্গুকুবোহেঁ বুঝি রে কাত্ব কদিনি॥ ধ্রু॥

ওহে ভূত্বকু! ভূমি যদি মৃগয়ায় যাইবে, [তবে পঞ্জয়রপ] পঞ্চ জনাকে [বিষয়রপ পঞ্চ মৃগকে ] মারিও। [এবং মহাস্থর্রপ] নিলনীবনে প্রবেশের সময়ে একমনা হইও। [তোমার ] জীবদবস্থাতে [জ্ঞানোদয়রপ] প্রভাত হইল, [অজ্ঞানরপ] রজনী মরিয়া গেল। হে ভূত্বকু! নিহতদের মাংস [উপহার ]' বিনা ভূমি পদ্মবনে [মহাস্থ্পকমলবনে ] প্রবেশ করিও না। মায়াজাল প্রসারিত করিয়া, হাদয়ের মায়া-হরিণীকে [ভূমি] বধ করিয়াছ। [হ্রতরাং] কাহার কি বৃভাত্ত, সদ্ভক্ষত জ্ঞানে তাহা এখন বুঝিতেছি।

১। বিহত মুদাের মাংস উপহার বেওরার তাৎপর্ব্য—বিবরের মূলীভূত শক্তিপ্রবাহকে পরস্কতত্বে বিশীন করা।

२७

#### वांग नीववी

भाखिशामानाम्— इन। धूनि धूनि बाँ स त बाँ स ।
बाँ स धूनि धूनि नित्रवत तमस ॥ धः ॥
बाँ स धूनि धूनि नित्रवत तमस ॥ धः ॥
बाँ खन्हें किन म खाविष्यहें ॥ धः ॥
पूना धूनि धूनि प्रत ष्यहातिष्ठे ।
भून नहें बाँ प्रभा निष्य ।
वहन वहें इहें मात न मिन्य ।
भाखि खन्हें वानांग न शहें म्या ॥ धः ॥
कांक न कांत्रन क धह क्रां छ ।
मुष्रांत्यम् तान्यि मासि ॥ धः ॥

কোর, বাক্, চিন্ত এবং তত্ত্ত লৈলোক্যরূপ) ভূলাকে ধূনিয়া ধূনিয়া আঁশ আঁশ হইল এবং সেই ] আঁশসকল ধূনিয়া ধূনিয়া ধূনিয়া পরিশেষে [ তাহাদিগকে ] নিরবয়ব [ করা হইল এবং সেই ] আঁশসকল ধূনিয়া ধূনিয়া ধূনিয়া পরিশেষে [ তাহাদিগকে ] নিরবয়ব [ করা হইল ]। (তাহারা) তাদৃশ (নিরবয়ব) হওয়ায় এবং তাহাদের প্নরভাদেরের (হেজয়র না পাকায় তাহাদিগকে আর) দেখিতে পাওয়া যাইতেছে না। শাল্তি বলিতেছেন—( যথন দেখাই যাইতেছে না, তথন) তাহাকে কেন ভাবিব ? তুলা ধূনিয়া ধূনিয়া (প্রভাশর) শৃত্ত [ তাহা ] আহার করিয়াছে। আবার (প্রভাশর শৃত্তকে) লইয়া আপনাকে (ভাবক ও ভাবারপ আত্মপ্রহকে) বাধিত করা হইয়াছে। বিস্তৃত [ এই ] বয়র্রয়ালারকে এখানে নারিয়া ফেলা হইয়াছে, [ তাহাকে আর ] দেখা যাইতেছে না। শাল্তি বলিতেছেন,— বালক ও অন্তর্গ (লোকে এই ধর্মো) প্রবেশ করিতে পারে না। (কেন প্রবেশ করিতে পারে না।) কার্য্য ও কারণবিহীন যে স্বসংবেদন, [ তাহারই কথা ] শাল্তি বলিতেছেন, এই হইল যুক্তি।

२१

রাগ কামোদ

ভূত্বকুপাদানাম্—অধরাতি ভর কমল বিক্সিউ।
বিভিন্ন জোইণী তত্ম অল উহুসিউ। ধ্রু॥
চালিঅ ব্যহর মাগে অব্ধৃই।
রক্ষণত বৃহজ্যে ক্রেই॥ ধ্রু॥

চালিঅ ষ্বছর গউ ণিবাণে।
কমলিনি কমল বৃহুই পণালেঁ॥ এ ॥
বিরমানক বিলক্ষণ স্থা।
জো এপু বুঝই সো এপু বুধ ॥ এ ॥
ভূস্কু ভণই মই বুঝিঅ মেলেঁ।
সহজানক মহাস্কুই লীলেঁ॥ এ ॥

পূর্ব অর্দ্ধরাত্রিতে (চতুর্বীসদ্ধ্যার) (বন্ধন্ধপ স্থ্যরিশ্ম ধারা আমার) কমল (উক্ষীয়কমল, মন্তক্ত্ব সহত্রদল পদ্ম) বিকশিত হইল। (তথন) ব্রিশ যোগিনী (ললনা, রসনা আদি বোধিচিন্তবহা স্ক্র বাত্রিংশ নাড়ী, আনন্দসন্দোহবশতঃ) তাহাদের অল (শরীর) উনাইয়া তুলিল [উক্ষতায় ঘর্ম্মোদ্গমের ভায় তাহারা শরীর হইতে আনন্দ্রভাব করিতে লাগিল]। (সেই সমর) শশধর (বোধিচিন্তরূপ চক্ত্র) অবধৃতিমার্গে (বন্ধশিধরে) চালিত হইয়া, রঅণছ (সদ্গুক্রর বচনরূপ তত্ত্বরত্বের প্রভাবে আমাকে) সহজানন্দের কথা কহিতে লাগিল। (অবধৃতিমার্গে) চালিত শশধর (বক্সশিধরাত্রে) নির্বাণ প্রাপ্ত হইল। [তথন] কমলিনী প্রেকৃতিপরিশুদ্ধাবৃতিকা নৈরাম্মা) কমল-(রসরূপ বোধিচিন্তমহাম্থরুসে কায়বন্ধকে প্রীণিত করিয়া) প্রণালে (প্রকৃত্ত নাল, অবধৃতিমার্গে) প্রবহ্মাণ হইতে লাগিলেন। (এই) বিরমানন্দ বিলক্ষণ (চতুর্ধানন্দ ধারা) পরিশুদ্ধ। (গুক্রর প্রসাদে) যে (যোগীক্র) ইহা বুঝেন, তিনি ইহাতে বোধশীল হয়েন। ভূত্ত্কু বলেন,—মেলে প্রজ্ঞা ও উপায়ের মিলন ধারা) সহজানন্দরূপ মহাত্রথ (সদ্গুক্রপ্রসাদে) আমি অবলীলাক্রমে বুঝিয়াছি।

24

### রাগ বলাডিড

শবরপাদানাম্—উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী।
মোরন্দিপীচ্ছ পরহিণ সবরী গিবত গুল্পরী মালী। ধ্রু ।
উমত সবরো পাগল সবরো মা কর গুলী গুহাড়া তোহোঁর।
শিল্প ঘরিণী নামে সহজ্ঞ স্বন্ধারী। ধ্রু ॥

১। 'শুহা' শব্দের 'শু' এবং 'লীন' শব্দের লী'—এই ছুইরের সংবোগে 'শুহালীন' অর্থে 'শুলী' শব্দ নিপার।

२ । ७ हाजार चाँडिक देखि ७ हाँहे, 'डे' शांत 'ख' सरेजा 'करांख,' जीनितन 'चा'—करांखा, करांकितन-कांतिनै ।

নানা তরুবর মোলিল রে গলগত লাগেলী ভালী।
একেলী সবরী এ বণ হিওই কর্ণকুওলবজ্ঞধারী ॥ এ ॥
তিল ধাউ থাট পাড়িলা সবরো মহাস্থহে সেন্দি ছাইলী।
সবরো ভূজদ নৈরামণি দারী পেন্দা রাতি পোহাইলী ॥ এ ॥
হিল্প তাঁবোলা মহাস্থহে কাপুর থাই।
স্থন নৈরামণি কঠে লইলা মহাস্থহে রাতি পোহাই ॥ এ ॥
গুরুবাক প্রুল্মা বিদ্ধা শিল্মণ বালে।
একে শরসন্ধানে বিদ্ধাহ বিদ্ধাহ পরমণিবালে ॥ এ ॥
উমত সবরো গরুলা রোধে।
গিরিবরসিহর্বদন্ধি পইসন্তে সবরো লোড়িব কইসে॥ এ ॥

উচ্চ [হইতে] উচ্চ পৰ্বত (স্থমেকশিপরাগ্র), সেইধানে (চহাস্থধটকে) বালিকা শবরী (বজ্ঞধর শবরের গৃহিণী, জ্ঞানমুজা নৈরাজ্ঞা) বাস করেন। শবরীর পরিধান (নানাবিধ ভাববিকল্পরাপ ) ময়ুরপুচ্ছ, গ্রীবাতে (সভোগচক্রে, গুরুমন্তর্মণ) গুঞ্জামালা। (তিনি শবরকে বলিতেছেন—ওহে ) উন্মন্ত (বিষয়বিহ্বলচিত্ত ) শবর ! (স্থতরাং ওছে ) পাগল শবর ! [আমাকে ভূমি, মেরু]-গুহার লীন করিও না [আমাকে মেরুগুহার লীন করিয়া রাধিয়া, ভূমি বিকলের দিকে যাইও না ]। সহজ্ঞস্করী নামে আমি তোমার নিজ গৃছিণী, ভোমারই [মেরুপর্বত]-গুহায় বিচরণ করিতেছি। [ঐ দেখ, বিকলের দিকে] (অবিভারপ) প্রধান তরু নানাপ্রকারে মুকুলিত হইল, (পঞ্চন্ধরপ তাহার) ডালসকল (প্রভাশ্বর) গগনেতে লাগিল (অর্থাৎ গগন আরুত করিল)। [কিছ এ দিকে] ( নৈরান্মা ) শবরী কর্ণে ( নানা স্থানে, পঞ্মুদ্রারপ নিরংককালম্বার ) কুণ্ডল [ কুণ্ডলীক্ষত, নানা শক্তির একীক্বত আকৃতি এবং ] বজু (সহজ্বরূপপ্রাপ্তির উপায়রূপ জ্ঞান ) ধারণ করিয়া এই ( শরীরক্রপ ) বনে একাকিনী ক্রীড়া করিতেছেন। [ এই কথা ওনিরা] শবর তিন ধাড়ুকে (কায়-বাক্-চিন্তকে, প্রভাশ্বর-স্থধরূপ) ধাট করিয়া পাতিলেন এবং সেই মহাস্থ্রপ থাটে শ্যা বিছাইলেন। ভূজন[ধারী] শ্বর [সেই শ্যার ] দারী (ক্লেশ-বিদারণকারিণী নিজগৃহিণী ) নৈরান্ধার সহিত (অহুপম ) প্রেমলীলারসে রাত্তি পোহাইলেন (অক্কাররূপ বিকল্প নাশ করিলেন)। [সেই প্রেমলীলায় তাঁহারা] ফ্রুরকে তার্ল করিয়া (ভোগসম্বন্ধ হইতে মুক্ত করিয়া), মহাস্থুপকে ( যুগনদ্ধ রূপকে, ফলহেতুসম্বন্ধ হইতে মুক্ত করিয়া) কপুররূপে ভক্ষণ করিলেন। এবং শৃষ্ট নিরামণিকে কর্ছে (সভ্যোগচক্তে) শ্বয়া মহাস্থাৰ (মহাস্থৰৱপ জ্ঞানৱশ্বির ছারা) রাজি পোহাইলেন (স্বকায়ক্লেশব্বপ ভ্যঃ

১। ভূজক অৰ্থ শক্তি। সাধনাপ্ৰভাবে শক্তিঃ উপঃ বিনি আধিপত্য লাভ করেন, তিনি ভূজকথানিকপে বৰ্ণিত হন।

নাশ করিলেন)। গুরুবাক্যকে (গুরুপদিষ্ট জ্ঞানকে) ধছু (পুঞ্জা) করিয়া, নিজ মনকে (বোধিচিত্তকে) বাণ করিয়া, এক শরসন্ধানে পরম নির্বাণকে বিদ্ধ কর, বিদ্ধ কর। (জ্ঞানানন্দপানরূপ) গুরুতর রোবে উন্মন্ত হইয়া শবর গিরিবর শিধরের সন্ধিদেশে প্রবেশ করিলেন। [সেথান হইতে] শবর কিরুপে লড়িবেন । [তাৎপর্য্য—আর তিনি লড়িবেন না]।

## ২৯ রাগ পটমঞ্চরী

লুই পাদানাম্—ভাব ন হোই অভাব ণ জাই।
আইস সংবোহেঁ কো পতিআই ॥ এ ॥
লুই ভণই বট চুলক্থ বিণাণা।
তিঅ ধাএ বিলসই উহ লাগে ণা॥ এ ॥
জাহের বাণচিহ্নরব ণ জাণী।
সো কইসে আগম বেএঁ বথাণী॥ এ ॥
কাহেরে কিস ভণি মই দিবি পিরিচ্ছা।
উদক্চান্দ জিম সাচ ন মিচ্ছা॥ এ ॥
লুই ভণই মই ভাইব কিস।
জা লই অচ্ছম তাহের উহ ণ দিস ॥ এ ॥

বিশ্বসকলের যে ] ভাব (সন্তা), [তাহা] (তত্ব) হয় না; (কেন না, একটি পিণ্ড গ্রহণপূর্বক তাহার অণুসকল ভেদ করিলে, ভাবের কোনও উপলব্ধি থাকে না)। অভাবকেও (তত্ত্বরূপে পাওয়া) যায় না; (কেন না, সে ত একেবারে অসং)। [ভাব ও অভাব, এই হুই বিকল্লের ] এইরূপ সংবোধ—সম্যক্ বোধ হুইলে, তদ্ধারা (বিকল্লময় জগতে) কে [যাপার্থা] প্রত্যেয় করিতে পারে ? লুই বলিতেছেন—(তত্ত্ব)-বিজ্ঞান (বালযোগীর) হুর্লক্ষাই বটে। (মেহেছু) [সহজ্ঞতত্ত্ব] (কায়-বাক্-চিন্তরূপ) তিন থাছুতে জীড়া করে, অথচ ঐ বিধাতুতে সংলগ্ন হয় না। যাহার বর্ণ, চিল্ল ও রূপ (কিছুই) জানা যায় না, আগম ও বেদ-(শাল্প ছারা) সেই [তত্ত্ববস্তু] কিরূপে ব্যাখ্যা করা যায় ? (অতত্ত্বজ্ঞ ব্যক্তি) প্রশ্ন করিলে, আমি [কি উত্তর] দিব এবং কাহাকে কি প্রকারে [তত্ত্বের কথা] বলিব ? যেমন জলে প্রতিবিদ্যিত চন্ত্র সভাও নহে, মিপ্যাও নহে। লুই বলিতেছেন—(ভাব্য, ভাবক ও ভাবনা, এই তিনের অভাব হওয়ায়) আমি আর কাহার [ভাবনা] ভাবি ? যাহাকে (যে চতুর্ধ রূপটিকে) লইয়া আছি, তাহারও উদ্দেশ দেখিতেছি না।

90

#### রাগ মলারী

ভূসুকুপাদানাম্— করুণা মেহ নিরস্তর ফরিআ।
তারাভাব ধন্দল দলিআ। জা।
উইন্তা গঅণ মাঝেঁ অদভূআ।
পেথ রে ভূসুকু সহজ্ঞসকুআ। জা।
জাস্থ স্থনস্তে ভূটই ইন্দিআল।
নিহুরে শিঅ মন দে উলাস। জা।
বিসঅ বিশুদ্ধে মই বুজু ঝিঅ আনন্দে।
গঅণহ জিম উজোলি চান্দে॥ জা।
এ তৈলোএ এ ত বিসারা।
জোই ভূসুকু ফেটই অদ্ধকারা॥ জা।

ভাব ও অভাবরূপ (বিকল্ল) ধ্বনে দলিত করিয়া, (গুরুর প্রসাদে পরিপ্তম্মন্তাগকামরূপ)
করুণা [বর্ষণকারা] মেঘরূপে নিরস্তর ক্রিত হইতেছে। রে ভুস্কু ! দেখ—(প্রভাশর)
গগনের মধ্যে অস্তৃত সহজন্মরূপ উদিত হইয়াছে; যাহার [কথা] শুনিতে শুনিতে
ইক্রিয়জাল ক্রিত হইয়া যায় এবং নিজের মন (বোধিচিন্ত) নিজ্ত দেশে গিয়া
(নির্কিকল্লাকারে সহজ্ঞ)-উল্লাস দান করে। বিষয়সকলের বিশুদ্ধি ধারা আমি (বিরমানশে
পরম) আনন্দকে বৃঝিয়া, চন্দ্র যেমন গগনকে উজ্জ্বল করে, (সেইপ্রকার সহজ্ঞানন্দরূপ
চক্রের ধারা মোহাদ্ধকার নাশ করিয়াছি)। এই ক্রিলোক্যে এই (চতুর্থানন্দই) ত বিসারিত
[রহিয়াছে], যোগী ভুস্কু (যাহার উদ্যে ক্রেশরূপ) অন্ধকার বিনাশ করিয়াছেন।

৩১

## রাগ প্রমঞ্জরী

আর্য্যদেবপাদানাম্—জহি মণ ইন্দিঅ পবণ হোই ণঠা।

ণ জানমি অপা কহিঁ গই পইঠা ॥ ধ্রা ॥

অকট করুণাড্মফুলি বাজ্ব ।

আজ্বেদ্ব নিরাসে রাজই ॥ ধ্রু ॥

চান্দরে চান্দকান্তি জিম পতিভাস্ব ।

চিঅ বিকরণে তহিঁ টলি পইসই ॥ ধ্রু ॥

ছাড়িঅ ভর বিণ লোআচার। চাহত্তে চাহত্তে হ্মণ বিআর ॥ এ ॥ আজদেবে সঅল বিহরিউ। ভয় বিণ হুর নিবারিউ॥ এ ॥

যাহাতে (যে প্রভাশর ) [শৃষ্ঠতার ] (সংহারমণ্ডলাদি ক্রম শ্বারা) মন, ইক্রিয় এবং পবন নই হইরা যার, (সেধানে) আত্মা (চিন্তরাজ্ঞ) কোধার গিরা প্রবিষ্ট হইল, [তাহা] জানিতেছি না। করুণারপ ডমরু আশ্চর্যাভাবে বাজিতেছে (গুরুসংপ্রদায়গত সংবৃতি-বোধিচিন্ত অনাহতধ্বনি করিতেছে)। [সেই বাল শুনিতে শুনিতে ] আর্যাদেব (সর্বাধর্মো) আসলরহিত হইরা (নিরালয়যোগে) বিরাজমান রহিরাছেন। চক্র (অন্তগত হইলে) চক্রের কান্তি যেমন প্রতিভাসিত হয়, (অর্থাৎ চক্রের সহিত যেমন চক্রকান্তি চলিয়া যায়), চিন্ত বিকরণতা প্রাপ্ত হইলে (প্রভাস্বরে প্রবিষ্ট হইলে, তাহার বিকরজান্ত তথন) সেইধানে ঘুরিয়া প্রবেশ করে (অর্থাৎ লীন হইয়া যায়)। (অতএব আমি) ভয়, লজ্জা ও লোকাচার ছাড়িয়া (গুরুনিদ্বিষ্ট পয়া) দেখিতে দেখিতে, বিচার-(পূর্বক জানিলাম যে, ভাবসকল) শৃষ্ঠ (নৈরাজ্বরপ বটে)। [সবই যথন নৈরাজ্বরপ, তথন] আর্যাদেব ভয় ও লজ্জা দুরে নিবারণ করিয়াছেন এবং সকল [বস্ততেই] বিহার করিতেছেন। (যেহেতু নিরাজ্বধর্ম্মে সিদ্ধি লাভ করার তাঁহার নিকট আর সংসার-দূষণ বলিয়া কিছু প্রতিভাত হয় না)।

৩২

#### রাগ দেশাখ

সরহপাদানাম্—নাদ ন বিন্দু ন রবি ন শশিমগুল।

চিঅরাঅ সহাবে মুকল। গ্রু ॥

উজু রে উজু ছাড়ি মা লেল্ড রে বঙ্ক।

নিঅহি বোহি মা জাল্ড রে লাঙ্ক ॥ গ্রু ॥

হাবেরে কাঙ্কণ মা লেউ দাপণ।

অপণে অপা বুঝ তু নিঅমণ ॥ গ্রু ॥

পার উআরেঁ সোই গজিই।

হজ্জণ সালে অবসরি জাই ॥ গ্রু ॥

বাম দাহিণ জো ধাল বিধলা।

সরহ ভণই বাপা উজুবাট ভাইলা॥ গ্রু ॥

নাদ ও বিন্দ্-(রূপ জ্ঞানবিকল্ল) নাই, রবি ও শশিম ওল-(রূপ বিকল্লজান) নাই।
[হুতরাং] চিন্তরাজ হুভাবতই মৃক্তরূপে [অবস্থান করিতেছে]। (এই অবধৃতিমার্গ বড়)
সরল রে! [এই] সরল (পছা) ছাড়িরা, রে (বালযোগি!) বক্র (পথ) লইও
না। (এই পথে চলিতে চলিতে তুমি) নিজেতেই বোধি [পরম জ্ঞান, লাভ করিতে
পারিবে]। ওরে! [দে জন্ত তুমি সম্ত্রপারে] লঙ্কার যাইও না। রে (বালযোগি!)
[বে] কছণ হাতে [রহিয়াছে, তাহা দেখিবার জন্ত তুমি] দর্পণ লইও:না। (বজ্ঞান্তর
প্রসালে) নিজের মন বারা তুমি আপনি আপনাকে বুঝা [আপনাকে আপনি
বুঝিরা, সেই] (বোধিচিন্তের অনুগত হইয়া চলিলে), সে-ই উপকার বারা (উআরেঁ)
[তোমাকে সংসারসমূলের] পারে গতিশীল করিবে। [কিন্তু] হুর্জনের (মোহাদির)
সল করিলে, [ঐ বোধিচিন্ত ] অপসত হইয়া ঘাইবে, (তথন তুমি সংসারসমূলে তুবিয়া
যাইবে)। সরহ বলেন—বাম এবং দক্ষিণে যে [হুইটি পথ বিস্তৃত বহিয়াছে, তাহা] বাল
ও ডোবা-[রূপ নানা প্রতিবন্ধকে তুর্গম], (মহাস্থ্রপ্রে গ্মনের জন্ত) ওরে বাবা!
(অবধৃতীমার্গই) সরল ও ভাল পথ।

90

## রাগ পটমঞ্জরী

টেন্দণপাদানাম্—টালত মোর ঘর নাহি পড়বেধী।
হাড়ীত ভাত নাহি নিতি আবেশী ॥ ধ্রু ॥
বেল সংগার বড হিল জাত্ম।
ছহিল ছুধু কি বেণ্টে ধামাত্ম ॥
বলদ বিআএল গবিআ বাঁঝে।
পিটা ছহিএ এ ডিনা গাঁঝে॥
জো সো বুধী সোধ নিবুধী।
জো বো চৌর সোই সাধী ॥
নিতে নিতে ধিআলা ধিহে ধম জুঝঅ।
চেন্দণপাএর গীত বিচরিলে বুঝঅ॥

(টা—কাশ্ধ-বাক্-চিত্তের ১৬০ প্রকার প্রকৃতিদোষ, সেই সব দোব যাহাতে লয় প্রাপ্ত হয়, সেই ) টালেতে (মহাত্ম্পচক্রে ) আমার গৃহ। [সেধানে আমার কোন ] প্রতিবেশী নাই; (কেন না, পার্শন্থ চক্র ও স্থ্যকে বন্ধজ্ঞপক্রমে তাহারই মধ্যে শীন করা হইরাছে)। (ত্মকাশ্বরূপ) ইাড়িতে ভাত (সংকৃত্তিবোধিচিত্ত) নাই, (অতএব যোগীক্র নৈরাশ্বরূপে) নিত্য (তাহাতে ) আবেশিত হইতেছে। [এইরূপে আমার ] অঙ্গহীন (স্থতরাং প্রভাষর ) সংসার বাড়িয়া যাইতেছে। কি (অন্তুত ব্যাপার!) দোহান হ্র্ম [আবার ] বাঁটে প্রবেশ করিতেছে! (কূর্মমুদ্রাপ্রসকে বক্সাগার হইতে আগত বোধিচিত, যোগীক্ষের মূলীভূত মহাত্মধচক্রে যাইতেছে)। (বোধিচিত্তরূপ) বলদ গরু বিয়াইল [সে তাহার জ্ঞানরূপ সন্থান প্রসব করিতে লাগিল], গাই গরু (যোগীক্রের নৈরাত্মরূপিণী গৃহিণী) বন্ধ্যা হইল [সংবৃত্তিবোধিচিত্তরূপ সন্থান প্রসবে নিরন্ত হইল]। [আমি এখন] জ্ঞিসন্ধ্যা (বোধিচিত্তরূপ বলদের) পিটা (পাঠ—আধাররূপ মহাত্মধচক্র) দোহন করিতেছি। (বালযোগীদের) সেই যে বৃদ্ধি (সবিকল্পজান), শুদ্ধ-[চিত্ত যোগীর নিকট তাহা] নির্কৃদ্ধি [নিরুষ্ট জ্ঞানরূপে প্রতিভাত হয়]। (বালযোগীদের চিত্তরূপ) সেই যে চোর (বিষর্ক্ষপ পরজব্য-গ্রহণকারী), (পরমার্থরূপ বোধিচিত্ত তাহার বিপক্ষ; অতএব হুংথেতেই) তাহাকে (পরমার্থসত্যকে, বালযোগীর) সাধন করিতে হয়। শৃগাল (সংসরণশীল চিত্ত, প্রভাম্বর-বিশুদ্ধ হইয়া) নিত্য নিত্য (যুগনদ্ধরূপ) সিংহের সহিত যুদ্ধ করিতেছে। চেণ্টনপাদের [এই] গীত [গীতবর্ণিত তত্ত্ব] বিচংণশীল হইলে বুঝা যায়।

**●**8

#### রাগ বরাভী

দারিকপাদানাম্—স্থনকরুণরি অভিনচারেঁ কাঅবাক্চিএ।
বিলসই দারিক গঅণত পারিমকুলেঁ॥ ঞা॥
অলক্থলক্থণচিন্তা মহাস্মহেঁ।
বিলসই দারিক গঅণত পারিমকুলেঁ॥ ঞা॥
কিস্তো মস্তে কিন্তো তন্তে কিন্তো রে ঝাণবথানে।
অপইঠানমহাস্থহলীলেঁ ত্লথ পরমনিবাণে॥ ঞা॥
হংথেঁ স্থাওঁ একু করিআ ভ্রাই ইন্দীজানী।
অপরাপর ন চেবই দারিক সঅলাম্ভরমাণী॥ ঞা॥
রাআ রাআ রাআ রে অবর রাঅ মোহেরে বাধা।
লুইপাঅপসাএঁ দারিক হাদশ ভূঅণেঁ লধা॥ ঞা॥

শৃষ্ঠ (পরমার্থসত্য), করুণা (সংবৃতিসত্য), এই উভরের অভিন্ন আচার (অভেদরপে ব্যবহার) ধারা, দারিক (পরিশুদ্ধ)-কায়-বাক্-চিন্তে, গগনাস্তে (শৃক্তত্ত্বরের পরপারে) পারিমকুলে (পরমকুলম্বরূপ প্রভাম্বর-শৃস্তে) বিহার করিতেছেন। [ তথন তাঁহার চিন্তের ভ্ৰম্থা কিরূপ, তাহা বলিতেছেন]। দারিক অলকালকণচিত্ত হৈইয়া মহামুখে, গগনাত্তে পারিমকুলে বিহার করিতেছেন। রে (বালঘোগি!) তোমার মন্ত্রজপেই বা কি, গ্যান এবং [শাল্প]-ব্যাধ্যানেই বা কি হিইবে?] মহামুখনীলায় অপ্রবিষ্ট [তোমার নিকট] পরম নির্বাণ ছল্ল ক্য [রহিয়াছে]। [জাগতিক] হুংখ ও মুখকে (পরমার্থসত্যের সহিত) একীকৃত করিয়া, দারিক ইল্রিয় ও তহুৎপদ্ধ (বিষয়) ভোগ করে। (এই উপায়ে) সমন্তই অমুন্তর-[স্বরূপ, এই তন্ত্র] মনন করিয়া, (এই সংসারে আর সে) স্থ, পর, অপর, [এইরপ ভেদদৃষ্টিতে] জাপ্রত হয় না। ওরে! [আমি] রাজা—রাজা—রাজা। অপর (যে সকল নাগেল্রাদি দেবগণ) রাজা, [তাহারা] (বিষয়মোহে) বন্ধ। লুইপাদপ্রসাদে দারিক বাদশ জ্বনে (বুর্বের সদৃশ আধিপত্য) লাভ করিয়াছে।

91

#### রাগ মলামী

ভাদেপাদানাম্—এত কাল হাঁউ অচ্চিলেঁ। স্বমোহেঁ।
এবেঁ মই বুঝিল সদ্পুক্রবাহেঁ॥ ধ্রু॥
এবেঁ চিঅরাঅ মকুঁ গঠা।
গঅণসমূদে টলিআ পইঠা॥ ধ্রু॥
পেথমি দহ দিহ সর্কাই শূন।
চিঅ বিহুরে পাপ ন পুরু॥ ধ্রু॥
বাজুলে দিল মো লক্থ ভণিআ।
মই অহারিল গঅণত পসিআ॥ ধ্রু॥
ভাদে ভণই অভাগে লইআ।
চিঅরাঅ মই অহার কএলা॥ ধু॥

(অনাদি সংসারে) এত কাল (বহু করাত্তকাল) আমি (বাজ বিষরসঙ্গর ) স্থাত মোহ বারা [বলীভূত ছিলাম]। এখন আমি সন্তর্মপ্রদান্ত জ্ঞান বারা (চিত্তের স্থাপ ) বুঝিলাম। (বন্ধ ও পল্লের সংযোগরূপ অক্ষর অথে) এখন আমার চিত্তরাজ নষ্ট হইয়া গিয়াছে [মোহভাব ত্যাগ করিয়াছে এবং] গগনসমূলে (প্রকৃতিপ্রভাস্বরে) পুরিয়া প্রবিষ্ট হইয়াছে। (সর্বাধর্মের অমুপলস্তরূপ যোগ বারা এখন আমি) দশ দিক্ সবই শৃষ্ট

<sup>&</sup>gt;। চিন্ত হইতে সৰ্বাদা কিছু না কিছু উৎপন্ন হইতেছে; এই আন্ত উৎপান্ন ৰা উৎপন্ন ছণ্ডাকে চিন্তের লক্ষ্ণ বলা হয় । বে চিন্তের সেই লক্ষ্ণ অনকা হইলা বাল, তাহাকে অলকালকণ্ডিন্ত বলে।

(প্রভাষরময়) দেখিতেছি এবং চিন্ত বিহনে (।চন্তের অম্বারর ) পাপ পূণ্য [কিছুই আমার নিকট প্রতিভাত হইতেছে] না। বাজ্ল (বজ্রকুল বা বজ্লগুক্র) আমাকে লক্ষ্য (চতুর্বানন্দ এবং তৎপ্রাপ্তির উপায়) বলিয়া দিলেন; (নিরন্তর আদরের সহিত তাহার অভ্যাস বারা) আমি গগনে (প্রভাষর শৃত্তে) প্রবেশ করিয়া [চিন্তকে] আহার [নির্দিকের] করিলাম। ভালে বলেন,—[চিন্তের] অভাগকে (অমুৎপাদরূপ ভাগকে) লইয়া, (অনাদি ভববিকল্পের আধার) চিন্তরাজকে আমি আহার করিলাম (সর্বধর্মের অমুপলন্তরূপ সমৃত্তে প্রবেশ করাইলাম)।

96

#### রাগ পটমগুরী

কৃষ্ণাচার্য্যপাদানাম্—ত্বণ বাহ তথতা পহারী।

মোহভণ্ডার লই সঅলা অহারী॥ ঞ ॥

থুমই ণ চেবই সপরবিভাগা।

সহজনিদালু কাহ্নিলা লাক্দা॥ ঞ ॥

চেঅণ ন বেঅন ভর নিদ পেলা।

সঅল ত্বফল করি ত্বহে ত্বতেলা॥ ঞ ॥

অপণে মই দেখিল তিত্বণ ত্বণ।

ঘোরিঅ অবণাগমণ বিহুন॥ ঞ ॥

শাখি করিব জালন্ধরিপাএ।

পাখি ণ রাহ্ছ মোরি পাণ্ডিআচাএ॥ ঞ ॥

তথতারপ<sup>3</sup> (থজা) প্রহার করিয়া বাহ অর্থাৎ প্রবহমাণ, (স্তরাং অনস্ত বাসনার আগার) [চিন্তকে] শৃন্ত [প্রভাশর করা হইয়াছে], [তদ্ধারা] (বিষয়াসঙ্গলকণ) মোহের ভাগ্ডারকে গ্রহণ করিয়া সকল [মোহজাল] আহার [ধ্বংস] করা হইয়াছে। (এইরপ করিয়া রুক্ষাচার্য্য) খুমাইতেছেন (যোগনিদ্রাগত হইয়াছেন), স্থ এবং পর, এইরপ বিভাগ-[দৃষ্টিতে তিনি] জাগ্রত হইতেছেন না। (অতএব) উলল [সর্বপ্রকার দোববিম্ক্ত] কাহ্লিল সহজ্বনিদ্রালু [বটে]। (বোধিসহায়ে) [তিনি] চেতন ও বেদন-(রূপ বিকর্মজান) [ধ্বংস করিয়া] পূর্ণভাবে নিদ্রা গেলেন (এবং সেই জ্ঞানের ছারা) সকল স্বফল করিয়া (বৈলোক্য শোধনপূর্বক) [সহজ্ব ]-স্থে শন্তন করিলন। [শ্রমান অবস্থার] আমি স্বপ্রে দেখিলাম—ব্রিভ্বন শৃন্ত [অন্তিম্ববিহীন হইয়া গিয়াছে এবং]

<sup>)।</sup> मर्क्सवार थन् वस्त्वार विस्वित्तवश्वा मञा ।—१) शृः बहेता ।

( অবধৃতিকা) [ জন্মসূত্যরূপ ] আগমন গমন বিহনেই ঘুরিতেছে। [এ বিবন্ধে আমি ] আলক্ষরিপাদকে সাক্ষী করিব। [কেন না], (পুন্তকসম্বল) পণ্ডিভাচার্য্যেরা [এ বিবন্ধে] আমার পক্ষে রহে না।

99

#### बांग कारमाप

তাড়কপাদানাম্—অপণে নাহিঁ সো কাহেরি শ্রা।

তা মহামুদেরী টুটি গেলি কংথা ॥ গ্রা॥
অফুভব সহজ মা ভোল রে জোই।
চৌকোটিবিমুকা জইসো তইসো হোই॥ গ্রা॥
জইসনে অছিলে স তইসন অচছ।
সহজ পিথক জোই ভাস্তি মা হো বাস॥ গ্রা॥
বাণ্ডকুকণ্ড সন্তারে জানী।
বাক্পথাতীত কাঁহি বথানী॥ গ্রা॥
ভণই তাড়ক এপু নাহিঁ অবকাশ।
জো বুঝাই তা গলেঁ গলপাস॥ গ্রা॥

( গুল্লচরণরেগ্প্রসাদে দেখিলাম যে, অকায়ে আত্ম এবং আত্মীয়বৃদ্ধিতে বিচরণশীল যে ) আপনি, সে আর নাই ; ( স্নতরাং মৃত্যু, মার, ক্লেশ ইত্যাদির ) ভয় করিব কিসের অক্ষণ ( অতএব ) মহামূজা-( সিদ্ধির যে ) আকাজ্ঞা, তাহাও ( আমার ) টুটিয়া গেল, ( কেন না, উহাও ত একটি বিকল্ল তাব মাত্র )। রে যোগি! সহজ অহ্মভবের ( অর্থ বিলয়া বুঝান যায় না, এ কথা তুমি ) ভূলিও না। (কেন না, বলিতে গেলেই উহা পর হইমা যায়, ভাবনাসংবৃত্তির অহ্মবোধে অরূপ আর থাকে না)। ( স্নতরাং ) চতুকোটি ভাব ইইতে বিমৃক্ত [ আমি, আসলে ] যেমন, তেমনই হই। ( বক্সধর ও নৈরাত্মার মিলনে স্থময় হইতে উৎপয় হইয়া তুমি ) যে প্রকার ( বক্সধর ) ছিলে, ( বক্সগুরু কর্ত্বক আবার তাহাতেই দৃটীক্বত হইয়া ) তেমনই আছ। ছে যোগি! সহজ্ব বস্তু পৃথক্, এই ভ্রান্তিতে তুমি বাস করিও না। নলী পার করিবার সময় ( পাটনী পারগমনেচ্ছু ব্যক্তির নিকট পারের কড়ি আছে কি না, তাহা তাহার ) বাটুয়া ও করও ( অহ্মসন্ধান করিয়া ) জানিয়া লয়, [ কিছু ] বাহুপথের অতীত ( অহ্মসন্ধান করিয়া ব্যাখ্যা করিব ? ( তাহা কি সেই তাবে অহ্মণ বা ) ব্যাখ্যা করা যায় ? তাড়ক বলেন—এই ধর্মে ( বালযোগীলের প্রবেশ

১। সং নর, অসং নর, সদসং নর, অসুভরাত্মক নর,—ইবার নাম চতুছোটি।

করিবার) অবকাশ নাই। [আর এই ধর্ম] যে বুঝে, তাহার গলদেশে (সংসাররূপ) গলপাশ (বাঁধা আছে)। [কেন না, এই ধর্ম মাত্র বুঝিবার নয়, অফুভব করিবার ধর্ম]।

৩৮

#### রাগ ভৈরবী

সরহপাদানাম্—কাত্ম গাবড়ি থান্টি মণ কেডুআল।
সদ্গুক্সবঅণে ধর পতবাল ॥ গু॥
চীঅ থির করি ধরত্ব রে নাই।
অন উপায়ে পার ণ জাই॥ গু॥
নৌ বাহী নৌকা টাণ্য গুণে।
মেলি মেল সহজে জাউ ণ আণেঁ॥ গু॥
বাট অভঅ থাণ্টবি বলআ।
ভব উলোলেঁ বিষঅ বোলিআ॥ গু॥
কুল লই ধর সোন্তে উজাঅ।
সরহ ভণই গঅণেঁ সমাঅ॥ গু॥

কায়কে নৌকা, [তাহার] খুঁটিতে [বদ্ধ] মনকে (মনের পঞ্চবিধ বিজ্ঞানকে) বৈঠা এবং সদ্গুরুর বাক্যকে হাইল [করিয়া]ধর। রে (সরহপাদ!) চিত্তকে (পঞ্জ্ঞানাম্বক, বিলক্ষণশোধিত সংবৃতিবোধিচিত্তকে) স্থির করিয়া (ভবজলধিমধ্যে) কায়নৌকাকে ধারণ কর (রক্ষা কর)। [কেন না, এই নৌকা ভিন্ন] অন্ত [কোনও] উপায়ে (ভবসমুদ্রের) পারে যাওয়া যায় না। (বাহু জগতে নাবিক) নৌকা বাহে এবং গুণের দ্বারা টানিয়া নেয়, (কিন্তু এই কায়নৌকা বাহা সেরূপ নহে)। (সহজ্ঞানন্দপ্রাপ্তির উপায় বন্ধ্রণ্ডর সহিত) মিলিত হইয়া, (কায়নৌকা পরিত্যাগপূর্বক) [বজ্ঞপ্রর সহিত] সহজ্ঞানন্দে মিলিত হও। অন্ত [কোনও উপায়ে] সহজ্ঞানন্দে যাইতে পারিবে না। এই পথ অভয় পথ; (কিন্তু পানাহার ও বিষয়াসক্তিবশতঃ সাধক এই পথ হইতে আই হইলে চক্র ও স্ব্যারূপ ছুই) থড়াগারী দক্ষ্য বলবান্ হইয়া উঠে। [তাহাতে]ভব-(সমুক্র) বিষয়রূপে উল্লোলিত হইয়া, (তদ্ধারা নৈরাত্মধর্ম সর্বপ্রকারে) থণ্ডিত হইয়া যায়। [স্থতরাং ছুমি] কুলকে (চক্রাদি কুমার্গ যাহাতে লয় প্রাপ্ত হয়, সেই প্রকৃতিপরিভ্রাব্রণ্ডিকাকে) গ্রহণ করিয়া, (মহাস্থধরাগরূপ) ধর প্রোতে উজ্লাইয়া চল (উর্ল্জে চল)। সরহ বলেন,—[ছুমি](বৈমল্যচক্রজ্বীপরূপ) গগনে প্রবেশ কর।

SO

#### রাগ মালণী

সরহপাদানাম্— সুইণা হ অনিদার অরে নিঅমন তোহোর দোসে।
গুরুবঅণবিহারেঁরে পাকিব তই মুগু কইসে॥ ধ্রু॥
অকট হুঁভব ই গঅণা।
বঙ্গে জায়া নিলেসি পরে ভাগেল তোহোর বিশাণা॥ ধ্রু॥
অদভূঅ ভবমোহ রে দিসই পর অপ্লণা।
এ জগ জলবিদ্বাকারে সহজেঁ স্থুণ অপণা॥ ধ্রু॥
অমিআ অচ্ছস্তেঁ বিস গিলেসি রে চিঅ পরবস অপা।
ঘরেঁ পরেক বুঝ্ঝিলে রে থাইব মই হুঠ কুগুবা॥ ধ্রু॥
সরহ ভণস্তি বর স্থুণ গোহালী কি মো হুঠ বলনোঁ।
একেলে জগ নাশিঅ রে বিহর্ত স্কুছনো॥ ধ্রু॥

অরে নিজমন! [এই জগৎ] স্বপ্ন-[সদৃশ অবাস্তব হইলেও] তোমার অবিভার দোবে ( তুমি ইহাকে সংক্রপে অবগত হইতেছ )। রে ( চিত্তরাজ ! ) [কোণায় তুমি ] গুরুবচন-[রূপ জ্ঞানে] বিহার করিতে থাকিবে, [তা না করিয়া] ছুমি [দেখ না], কি প্রকারে [ইতন্তঃ] সুরিয়া বেড়াইতেছ! রে হংভব! ( হুকারবীজোত্তব চিত্তরাজ!) এই [শেশ না, তুমি এক] আশ্চর্য্য (প্রভাষর) গগনে (প্রবিষ্ট হইয়া) বঙ্গদেশোম্ভবা জায়া ( অবৈতজ্ঞান ) গ্রহণ করিলে, পরক্ষণেই তোমার ( অবিল্ঞাদোষজ্ঞাত বিষয় )-বিজ্ঞান ভগ্ন ছইয়া গেল। ওরে! (সত্তগণের এই) ভবমোহ অতিশয় অন্তুত, (যে মোহ ছইডে তাহারা) পর ও আপন, ( এইরূপ ভেদ) দর্শন করিয়া পাকে। ( কিন্তু তন্ত্বদর্শীর নিকট) এই জগৎ জলবিম্বাকারে (জলে প্রতিবিধিত চক্রাকারে প্রতিভাত হয়) এবং আপনাকে [উাহারা] সহজ শৃশুরূপে [অফুভব করেন]। রে পরবশীভূত [আমার] আপন চিষ্ট! ( সহজানন্দর্রপ ) অমৃত বর্ত্তমান থাকিতে [ তুমি ] ( বিষয়রূপ ) বিষ গলাখ:করণ করিতেছ। রে চিন্ত! [এত দিন তুমি] ঘরে (স্বকায়ে) পরকে (রাগ-বেন্নাহাদিকে) বুদ্ধিস্থ করিয়া রাধিয়াছিলে। [এখন] (নিজ গৃহিণী নৈরান্বাকে আলিলন করিয়া) আমি [ঐ] ছ্টসর্কলের কুগুকে (মৃল উৎসকে) থাইয়া ফেলিব। সরহ বলেন,—ছ্ট বলদের (ছ্ট বিষয়ে বলদাতা চিত্তের) ধারা আমি কি (করিব ?), ওরে ! (সে যে) একলাই ( 🍓 )-জ্ঞপং নাশ করিল। [ভদপেকা আমার] শৃক্ত গোহাইল (ইক্রিয়ের অবলম্বন প্রভাষর স্বকার) শ্রেষ্ঠ ; ( তাহাতে আমি ) স্বচ্ছন্দে ( ব্রিজ্ঞগতে ) বিহার করিতে পারিব।

80

### রাগ মালসী গবুড়া

কাক্পাদানাম্—জো মণগোঅর আলাজালা।
আগম পোণী ইষ্টামালা ॥ জ ॥
ভণ কইসেঁ সহজ বোল বা জাঅ।
কাঅ বাক্ চিঅ জম্ম ণ সমাঅ ॥ জ ॥
আলে গুরু উএসই সীস।
বাক্পণাতীত কাহিব কীস ॥ জ ॥
জে তই বোলী তে ত বিটাল।
তক্ষ বোব সে সীসা কাল ॥ জ ॥
ভণই কাক্ম জিণরঅণ বিকসই সা।
কালেঁ বোব সংবোহিঅ জইসা ॥ জ ॥

আগম, (মজশান্তাদির) পূথি, ইষ্ট-[মন্ত্রের জপ]-মালা [ইত্যাদি] বাহা [কিছু]
মন ও ইন্ত্রিয়পথে [গ্রহণীর জ্ঞান, সে সমস্তই] আগম-নির্গমশীল (বিকল্পজাল)।
[শ্বতরাং] বল, (পূথক্ জনগণের) কার-বাক্-চিত্ত যাহাতে প্রবেশ করে না, [তাহাদের
নিকট] সহজ্জনপ (অফুত্তর জ্ঞান) কি প্রকারেই বা বলা যার ? গুরু রুণাই শিশুকে
উপদেশ দান করেন। [কেন না, যে সহজ্ঞধর্ম] বাক্পথের অতীত, [তাহা তিনি]
কি প্রকারে কহিবেন ? যিনি তাহা বলেন, তিনি (সহজ্ঞধর্মকে) বিটালিত (অসংক্রপে
প্রতিপদ্ধ) করেন। (যিনি বন্ধ)-গুরু, (তিনি এই ধর্মব্যাথাা বিষয়ে) বোবা [মুথে
কিছুই বলেন না]; সেহেতু (তাঁহার) শিশুও কালা (গুরু কিছু বলেন না, স্বতরাং
শিশুও কিছু ওনে না)। কাহ্মপাদ বলেন,—(চতুর্থানন্দর্রপ) জিনরত্ম বিক্সিত হইয়া
রহিয়াছে; বোবা লোক (সঙ্কেত ও অক্সম্পর্ণাদি হারা) যেমন কালা ব্যক্তিকে সংস্থাধিত
করে, (সপ্তরু তেমনি স্থাক্তিপ্রভাবে শিশ্বকে সহজ্মত্বধে সন্থোধিত করেন)।

85

## রাগ কছ্ গঞ্জী

ছুস্কুপাদানাম্—আইএ অণ্অনা এ জগ রে ভাংতিএঁ সো পড়িহাই। রাজসাপ দেখি জো চমকিই সাঁচে কি ভাক বোড়ো থাই॥ এ॥ অকট জোইআ রে মা কর হণা লোহা। অইস সভাবেঁ জই জগ বুঝসি ভূটই বাবণা ভোরী॥ এ॥ মক্রমরীটি গন্ধনইরী দাপণপতিবিদ্ অইসা।
বাতাবতেঁ সো দিচ ভইআ অপে পাপর জইসা॥ এ ॥
বান্ধিস্থা জিম কেলি করই খেলই বছবিহ খেলা।
বানুখাতেলেঁ সসর সিংগে আকাশফুলিলা॥ এ ॥
রাউতু ভণই কট ভূসুকু ভণই কট সঅলা অইস সহাব।
জই তো মৃঢ়া অছ্সি ভাকী প্ছতু সদ্গুরুপাব॥ এ ॥

পেরমার্থতত্ত্বন্ত ব্যক্তি। এই জগৎকে আদে অহৎপন্ন (বলিয়া জানেন), [কিছা] রে (বালযোগি! অবিভারপ) প্রান্তিবশত: [তোমার নিকট] সেই (জগৎ উৎপন্ন বলিয়া) প্রতিভাত হইতেছে। রজ্জ্তে সর্প দেখিয়া, যে চমকিত হইয়াউঠে, তাহাকে কি সতাই বোড়ো সাপে খায় ? রে যোগি! [কি] আশ্চর্যা [ব্যাপার! তৃমি সংসারকে উৎপন্ন বলিয়া গ্রহণ করিয়া] হাত লবণাক্ত করিও না। জগৎকে যদি [তৃমি] ঈদৃশস্বভাবে বৃঝ, (তবেই) তোমার (অনাদি ভববিকল্প)-বাসনা টুটিয়া যাইবে। মহন্তুমিতে যেমন মরীচিকা, [আকাশে] যেমন গন্ধর্মনগরী, যেমন দর্পণে প্রতিবিদ্ধ, যেমন বায়ুর আবর্ষে দৃটীভূত হইয়া জল, প্রভরবৎ দৃষ্ট হয়, যেমন বদ্ধ্যাপুত্র কেলি করে, বছবিধ খেলা খেলে, যেমন বালুকার তেল, শশকের শৃল, আকাশপুত্র্প, (এই সব কথায় যেমন উহাদের অহ্বৎপন্ধ- স্থভাবই স্থতিত হয়), রাউত [এই] আশ্চর্যা [কথা] বলেন, ভূস্কু [এই] আশ্চর্যা [কথা] বলেন—সকল (ভাবপদার্থেরই) এইরূপ স্বভাব। (ওহে বালযোগি!) ভূমি যদি (এ বিষয়ে) মোহমুগ্ধ ও প্রান্তিযুক্ত থাক, (তবে) সদৃশুক্ষচরণ-[সমীপে গিয়া] ভিজ্ঞাসা কর।

8२

#### वांश कारमाम

কাৰু পাদানাম্— চিঅ সহজে শৃণ সংপ্রা।
কান্ধবিরোএ মা হোহি বিসরা॥ এ ॥
ভণ কইসে কালু নাহি।
ফরই অছদিন তৈলোএ পমাই॥ এ ॥
মৃঢ়া দিঠ নাঠ দেখি কাঅর।
ভাগ তরক কি সোবই সাঅর॥ এ ॥
মৃঢ়া অচ্তে গোঅ ন পেশই।
ছৃণ মাঝে লড় অচ্তে ন দেশই॥ এ ॥

## ভব জাই ৭ আবই এপু কোই। আইস ভাবে বিলসই কাহ্নিল জোই॥ এ ॥

